অধ্যায়-৭ : শিশু বিকাশ ও পারিবারিক পরিবেশ

১২৫. অক্সিটোসিন কী? *(জ্ঞান)*
ক কোষ খ হরমোন
গ এন্টিবডি ঘ শিশুর প্রথম মল **খ**

১২৬. শিশুর জন্মের কত বছরের মধ্যে পরিপূর্ণ বিকাশের মূলভিত্তি রচিত হয়? *(জ্ঞান)*
ক প্রথম পাঁচ বছর খ প্রথম ছয় বছর
গ প্রথম সাত বছর ঘ প্রথম আট বছর **ক**

১২৭. জন্মের কতক্ষণের মধ্যে শিশুকে মায়ের দুধ খাওয়াতে হয়? *(জ্ঞান)*
ক আধ ঘণ্টা খ এক ঘণ্টা
গ দুই ঘণ্টা ঘ তিন ঘণ্টা **খ**

১২৮. কোনটি শিশুর প্রথম টীকা হিসেবে কাজ করে?
ক মধু খ শালদুধ
গ গরুর দুধ ঘ কৌটার গুঁড়া দুধ **খ**

১২৯. শিশু জন্মের প্রথম কতদিন শালদুধ অল্পমাত্রায় আসে? *(জ্ঞান)*
ক ৪ খ ৫ গ ৬ ঘ ৭ **খ**

১৩০. শিশুর মিকোনিয়াম কী? *(জ্ঞান)*
ক টীকা খ ভ্যাকসিন
গ প্রথম মল ঘ হরমোন **গ**

১৩১. শালদুধ মিকোনিয়াম পরিষ্কারের মাধ্যমে কোন রোগের জীবাণু শরীর হতে বের হতে সাহায্য করে? *(অনুধাবন)*
ক জন্ডিস খ টাইফয়েড
গ নিউমোনিয়া ঘ ম্যালেরিয়া **ক**

১৩২. অতি শৈশবে শিশুরা সাধারণত কয়টি কারণে কাঁদে ? *(জ্ঞান)*
ক ২ খ ৩ গ ৪ ঘ ৫ **ক**

১৩৩. যে শিশু জীবনের প্রথম বছরগুলোতে তার বিকাশের জন্যে সহায়ক পরিবেশ পায় সে অন্যদের চেয়ে বেশি— *(উচ্চতর দক্ষতা)*
i. সামাজিক হয় ii. বুদ্ধিমান হয়
iii. সুস্বাস্থ্যের অধিকারী হয়
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii **ঘ**

১৩৪. মায়ের অক্সিটোসিন হরমোন নির্গত হওয়ার ফলে— *(অনুধাবন)*
i. মা শান্ত ও অবসাদমুক্ত বোধ করেন
ii. মায়ের মেজাজ খিটখিটে হয়
iii. শিশুর সাথে মায়ের বন্ধন দৃঢ় হয়
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii **খ**

১৩৫. ভাষা বিকাশের আগে শিশুরা কান্না দিয়ে প্রকাশ করে— *(অনুধাবন)*
i. চাহিদা
ii. অসুবিধা
iii. ভালোবাসা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii **ক**

১৩৬. কোনটি শিশুর পরিপাচক অম্লসমূহকে উদ্দীপিত করে? *(জ্ঞান)*
ক গরুর দুধ খ ছাগলের দুধ
গ শাল দুধ ঘ কৌটার দুধ **গ**

১৩৭. কোন বয়সের মধ্যে শিশুরা বাবা মায়ের মনোযোগ পাওয়ার চেষ্টা করে? *(অনুধাবন)*
ক ৩/৪ মাস বয়সে খ ৫/৭ মাস বয়সে
গ ৭/৮ মাস বয়সে ঘ ৯/১০ মাস বয়সে **গ**

১৩৮. ভাইবোনের সাথে শীতল সম্পর্ক শিশুর কী বিঘ্নিত করে? *(জ্ঞান)*
ক আত্মধারণা খ নির্ভরশীলতা
গ আত্মসচেতনতা ঘ শ্রদ্ধাবোধ **ক**

১৩৯. পারিবারিক বিপর্যয়ের প্রধান সমস্যা কোনটি?
ক আর্থিক সংকট খ ভালোবাসা
গ বিশ্বাস ঘ অসুস্থতা **ক**

১৪০. ৭/৮ মাস বয়সের মধ্যে শিশু সম্পর্ক তৈরি করে— *(অনুধাবন)*
i. মা বাবার সাথে ii. আত্মীয়স্বজনের সাথে
iii. যত্নকারীর সাথে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii **গ**

১৪১. ভাইবোনের ভালো সম্পর্ক শিশুকে শেখায়–
i. নিজ স্বার্থ বড় করে দেখা
ii. কোনো জিনিস ভাগাভাগি করা
iii. পরস্পরকে সাহায্য করা
নিচের কোনটি সঠিক ?
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii **খ**

নিচের অনুচ্ছেদটি পড়ো এবং ১৪২ ও ১৪৩ নম্বর প্রশ্নের উত্তর দাও :
রামিসা বাবা মায়ের একমাত্র সন্তান। ছয় মাস আগে তার বাবা মায়ের বিবাহ বিচ্ছেদ হয়। এরপর থেকে সে পড়াশোনায় অমনোযোগী। স্কুলে সারাক্ষণ চুপচাপ থাকে।

১৪২. উদ্দীপকে কোন ধরনের বিপর্যয়ের কথা বলা হয়েছে? *(প্রয়োগ)*
ক ব্যক্তিগত খ পারিবারিক
গ মানসিক ঘ সামাজিক **খ**

১৪৩. উক্ত বিপর্যয় রামিসার মধ্যে সৃষ্টি করেছে— *(উচ্চতর দক্ষতা)*
i. হতাশা ii. উৎসাহ
iii. পড়াশোনার অমনোযোগ
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii **গ**

১৪৪. কোনটির মাধ্যমে একটি শিশুকে উপযুক্তভাবে গড়ে তোলা যায়? *(অনুধাবন)*
ক অধিক খাদ্য খ কঠোর শাসন
গ সুষ্ঠু পরিচালনা ঘ বিলাসিতা **গ**

১৪৫. শিশু পরিচালনার নীতি কয়টি?
ক পাঁচ খ ছয়
গ সাত ঘ আট **গ**

১৪৬. 'শিশুর জন্যে হ্যাঁ' বলার অর্থ কী? *(অনুধাবন)*
ক শিশু যা চায় তা দেওয়া
খ শিশুকে সব সময় আদর করা
গ শিশুকে ইতিবাচকভাবে পরিচালনা করা
ঘ শিশুকে প্রশ্রয় দেওয়া **গ**

১৪৭. শিশুর মনস্তাত্ত্বিক চাহিদাকে বাংলায় কয়টি 'স' দিয়ে প্রকাশ করা হয়? *(জ্ঞান)*
ক দুইটি খ তিনটি
গ চারটি ঘ পাঁচটি **খ**